

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)



www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৩০৮

এ,

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে মামলা ফাইলিং এবং নকল সরবরাহ সম্পর্কিত কতিপয় নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১২.০৮.২০২০ তারিখ থেকে মামলা ও দরখাস্ত ফাইলিং এবং নকল সরবরাহের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলঃ

- ০১। করোনা ভাইরাস (কোভিড-১৯) উদ্ভূত পরিস্থিতির পূর্বের প্রচলিত নিয়ম অনুসারে সকল প্রকারের মামলা ও দরখাস্ত ফাইলিং করা যাবে। ফাইলিং পরবর্তী এফিডেভিটকৃত মামলার নথি সংশ্লিষ্ট আদালতে দাখিলের ক্ষেত্রে করোনা ভাইরাস (কোভিড-১৯) উদ্ভূত পরিস্থিতির পূর্বের পদ্ধতি প্রযোজ্য হবে।
- ০২। ভার্চুয়াল কোর্টে মামলা ও দরখাস্ত শুনানির ক্ষেত্রে ভার্চুয়াল শুনানির লিংক প্রেরণের জন্য ফাইলিং এর সময় সকল মামলা ও দরখাস্তের উপর নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর ই-মেইল অ্যাড্রেস উল্লেখ করতে হবে।
- ০৩। ফাইলিং শাখায় ইতোমধ্যে দাখিলকৃত মামলা ও দরখাস্তসমূহের ক্ষেত্রে করোনা ভাইরাস (কোভিড-১৯) উদ্ভূত পরিস্থিতির পূর্বের প্রচলিত পদ্ধতি প্রযোজ্য হবে।
- ০৪। শারীরিক উপস্থিতি ও ভার্চুয়াল উভয় পদ্ধতিতে মামলা ও দরখাস্ত শুনানির জন্য করোনা ভাইরাস (কোভিড-১৯) উদ্ভূত পরিস্থিতির পূর্বের প্রচলিত নিয়ম অনুসারে দৈনিক কার্যতালিকা প্রস্তুত ও প্রচারিত হবে।
- ০৫। নকল শাখার স্বাভাবিক কার্যক্রম চলমান থাকায় শারীরিক উপস্থিতি ও ভার্চুয়াল উভয় পদ্ধতিতে পরিচালিত সকল বেঞ্চ থেকে প্রদত্ত আদেশ এবং রায়ের নকল করোনা ভাইরাস (কোভিড-১৯) উদ্ভূত পরিস্থিতির পূর্বের প্রচলিত নিয়মে সরবরাহ করা হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা/-

(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট

২৬ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ


তারিখঃ ১০ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৩৫১৫

এ,

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা(সকল)
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা(সকল)
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৯. সহকারী রেজিস্ট্রার/রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা(সকল)
১০. বেঞ্চ অফিসার/বেঞ্চ রীডার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরতদের অবগত করার অনুরোধ করা হলো)
১১. কোর্ট অফিসার/কোর্ট কীপার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১২. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা(সকল)
১৩. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)।(সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করবেন।)
১৪. নোটিশ বোর্ড।


২০.০৬.২০২০
(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)